দৈনিক বাংলা

... 17 NOV 1990

পৃষ্ঠা... ১ ... কলাম ৬

127

# ভার্সিটি বন্ধের আদেশ ঃ রীট আবেদন শুনানি চলবে—হাই কোর্ট

হাইকোর্টের ডিভিশন বেঞ্চ ১৩ই অক্টোবরের ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে আনীত রীট আবেদনের শুনানি অব্যাহত রাখার আদেশ দিয়েছেন। রীট আবেদনটি অকার্যকর হয়ে পড়েছে এই মর্মে এটর্নী জেনারেল যে বক্তব্য দিয়েছেন তা' অগ্রাহ্য করে বৃহস্পতিবার আদালত এই আদেশ দিলেন। বিচারপতি এম এ জলিল ও বিচারপতি কাজী শফিউদ্দিন তাঁদের আদেশে বলেনঃ বিষয়টির যৌক্তিকতা নিয়ে শুনানি চালাতে ও তা' নিস্পত্তি করতে কোন বাধানেই।

ইউএনবি'র খবরে বলা হয়ঃ এটর্নী জেনারেল ব্যারিষ্টার রফিকুল হক গত ১৩ই নবেম্বর রাষ্ট্রের পক্ষে বক্তব্য রেখে বলেন যে, ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশের মেয়াদ যেহেতু ১২ই

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি বন্ধের

(প্রথম পৃঃ পর)

নবেম্বর শেষ হয়ে গেছে তাই রীট আবেদন অকার্যকর হয়ে পড়েছে।

বিচারপতিদ্বয় মত দেন যে বিষয়টি স্থগিত রাখার পরিবর্তে এর যৌক্তিকতার দিকটি নিস্পত্তি হওয়া দরকার এবং এটা আরও এই কারণে করা দরকার যে, বন্ধের আদেশের মেয়াদ শেষ হবার পরও এর কার্যকারিতা রয়েগেছে।